

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

সিটি কর্পোরেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ কার্তিক ১৪২৭/২৭ অক্টোবর ২০২০

নং ৪৬.০০.০০০০.০৭০.২৭.০০৯.১৮.১১৩১—যেহেতু, জনাব মোহাম্মদ ইরফান সেলিম, পিতা:
হাজী মোহাম্মদ সেলিম, ২৫ নং বড় কাটারা, ডাকঘর-পোস্টা, ঢাকা-১২১১, থানা: চকবাজার ঢাকা
দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩০ নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর; এবং

যেহেতু, তার বিরুদ্ধে বাংলাদেশ নৌ বাহিনীর একজন কর্মকর্তা ও তার স্ত্রীর ওপর হামলার
অভিযোগে ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে; এবং

যেহেতু, তিনি বিদেশি মদ সেবন করার দায়ে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ১(এক) বছর কারাদণ্ডে
দণ্ডিত হয়েছেন এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা অনাদায়ে আরও ১(এক) মাস বিনাশ্রম
কারাদণ্ডে দণ্ডিত হয়ে ইতোমধ্যে কারাগারে প্রেরিত হয়েছেন; এবং

যেহেতু, তিনি অবৈধ ওয়াকিটকি রাখা ও ব্যবহারের দায়ে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ৬(ছয়)
মাস কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন; এবং

যেহেতু, তার বিরুদ্ধে অবৈধ অস্ত্র, মাদক রাখার দায়ে আরও মামলা দায়ের করার কার্যক্রম
চলমান রয়েছে; এবং

(১১৬৯৫)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, তার উক্ত কর্মকাণ্ড স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ২(৩৭) এবং ও ১৩ (১) (খ) (ঘ) অনুযায়ী নৈতিক স্বলনজনিত অপরাধ এবং অসদাচরণের শামিল; এবং

যেহেতু, সিটি কর্পোরেশনের কোন কাউন্সিলরের বিরুদ্ধে নৈতিক স্বলনজনিত অপরাধ এবং অসদাচরণের অভিযোগে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ অনুযায়ী কার্যক্রম শুরু করা হলে, উক্ত আইনের ধারা ১২ এর উপ-ধারা (১) অনুযায়ী অভিযুক্ত কাউন্সিলরকে সাময়িক বরখাস্তের বিধান রয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১২ এর উপ-ধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩০ নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর পদ হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব।